# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং-৩০/পিই/২০০৩(অংশ)/ ৯১(১১৫০)　　　　　　　　　　তারিখ ২৪/১০/২০২১ খ্রিঃ।

বিষয় ঃ **উচ্চমাধ্যমিক পর্যায়ে ঢাকা বোর্ডের আওতাধীন সকল কলেজকে বাধ্যতামূলকভাবে খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক আয়োজিত আন্তঃকলেজ (উচ্চমাধ্যমিক) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় এ বোর্ডের আওতাধীন সকল কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে।

এ বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোড
ঢাকা।
ফোন ঃ ৮৬২৫৭৩৪

অধ্যক্ষ
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ।

স্মারক নং-৩০/পিই/২০০৩(অংশ)/ ৯১(১১৫০)　　　　　　　　　　তারিখ ঃ ২৪/১০/২০২১ খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ-**

০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, ........................................................।
০৪। অফিস কপি।

২৫/১০/২০২১

প্রফেসর ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোড
ঢাকা।

২৫/১০/২১

সংযুক্তি ঃ
১। বিজ্ঞপ্তি
২। নীতিমালা (বাইলজ)

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৩০/পিই/২০০৩(অংশ)/৯৫(১৮) তারিখ: ২৪/১০/১৭খ্রি.।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর আওতাধীন সংশ্লিষ্ট কলেজের সম্মানিত অধ্যক্ষগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৯.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডের শারীরিক শিক্ষা ও ক্রীড়া পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৭-১৮ শিক্ষাবর্ষের আন্তঃ কলেজ (উ.মা.) বার্ষিক খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা ১৭টি জেলা ভিত্তিক ০১.১১.২০১৭ হতে ২১.১১.২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করে ১০.১২.২০১৭ তারিখের মধ্যে ফলাফল সংশ্লিষ্ট জোনে পাঠাতে হবে। ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর ও টাঙ্গাইল জোন পর্যায়ে ২৬.১২.২০১৭ হতে ১০.০১.২০১৮ তারিখ পর্যন্ত সময়ে খেলা সম্পন্ন করে ২০.০১.২০১৮ তারিখের মধ্যে ফলাফল ঢাকা শিক্ষা বোর্ডে পৌঁছাতে হবে।

২। ঢাকা মহানগরী জোন পর্যায়ে ২৯.১১.২০১৭ হতে ০৬.০১.২০১৮ তারিখ পর্যন্ত এবং বিভাগীয় পর্যায়ে ১৪.০২.২০১৮ হতে ২৩.০২.২০১৮ পর্যন্ত সময়ে খেলা সম্পন্ন করা হবে।

৩। আন্তঃ কলেজ (উচ্চমাধ্যমিক) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭-১৮ বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য নিম্নে বর্ণিত জেলা এবং জোন পর্যায়ে শারীরিক শিক্ষা ও ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি মনোনীত করা হলো:

### জেলা পর্যায়:

| ক্রমিক নং | জেলার নাম | প্রতিষ্ঠান | স্থান |
|---|---|---|---|
| ০১. | ঢাকা | অধ্যক্ষ<br>সাভার কলেজ, সাভার, ঢাকা। | সাভার |
| ০২. | গাজীপুর | অধ্যক্ষ<br>কাজী আজিম উদ্দিন কলেজ, জয়দেবপুর, গাজীপুর। | জয়দেবপুর |
| ০৩. | নরসিংদী | অধ্যক্ষ<br>নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী | নরসিংদী |
| ০৪. | মুন্সীগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ। | মুন্সীগঞ্জ |
| ০৫. | মানিকগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ। | মানিকগঞ্জ |
| ০৬ | নারায়ণগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ। | নারায়ণগঞ্জ |
| ০৭ | টাঙ্গাইল | অধ্যক্ষ<br>সরকারি এম এম আলী কলেজ, কাগমারী, টাঙ্গাইল। | টাঙ্গাইল |
| ০৮ | ফরিদপুর | অধ্যক্ষ<br>সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর। | ফরিদপুর |
| ০৯ | মাদারীপুর | অধ্যক্ষ<br>সরকারি নাজিম উদ্দিন কলেজ, মাদারীপুর। | মাদারীপুর |
| ১০ | শরীয়তপুর | অধ্যক্ষ<br>শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর। | শরীয়তপুর |
| ১১ | রাজবাড়ী | অধ্যক্ষ<br>সরকারি রাজবাড়ী কলেজ, রাজবাড়ী। | রাজবাড়ী |
| ১২ | গোপালগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ। | গোপালগঞ্জ |
| ১৩ | ময়মনসিংহ | অধ্যক্ষ<br>সরকারি মুমিনুন্নেছা মহিলা কলেজ, ময়মনসিংহ। | ময়মনসিংহ |
| ১৪ | কিশোরগঞ্জ | অধ্যক্ষ,<br>সরকারি গুরুদয়াল কলেজ, কিশোরগঞ্জ। | কিশোরগঞ্জ |
| ১৫ | নেত্রকোনা | অধ্যক্ষ,<br>সরকারি নেত্রকোনা কলেজ, নেত্রকোনা। | নেত্রকোনা |
| ১৬ | জামালপুর | অধ্যক্ষ,<br>সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর। | জামালপুর |
| ১৭ | শেরপুর | অধ্যক্ষ<br>সরকারি শেরপুর কলেজ, শেরপুর। | শেরপুর |

*[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]*

## ০৫ টি জোন পর্যায়:

| নং | জোনের নাম | জেলাসমূহ | সভাপতি | স্থান |
|---|---|---|---|---|
| ০১. | ঢাকা মহানগরী | ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত কলেজসমূহ নিয়ে গঠিত। | চেয়ারম্যান -- পদাধিকার বলে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | ঢাকা মহানগরী |
| ০২. | ঢাকা জোন | ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংগী ও গাজীপুর জেলাসমূহ নিয়ে গঠিত | অধ্যক্ষ সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ। | নারায়ণগঞ্জ |
| ০৩. | ময়মনসিংহ জোন | ময়নসিংহ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলাসমূহ নিয়ে গঠিত | অধ্যক্ষ সরকারি মমিনুন নেছা মহিলা কলেজ, ময়মনসিংহ। | ময়মনসিংহ |
| ০৪. | টাঙ্গাইল জোন | টাঙ্গাইল, জামালপুর ও শেরপুর জেলাসমূহ নিয়ে গঠিত। | অধ্যক্ষ সরকারি এম.এম. আলী কলেজ, টাঙ্গাইল। | টাঙ্গাইল |
| ০৫. | ফরিদপুর জোন | ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলাসমূহ নিয়ে গঠিত। | অধ্যক্ষ শেখ ফজিলাতুন্নেছা সরকারি মহিলা কলেজ, গোপালগঞ্জ। | গোপালগঞ্জ |

### বিভাগীয় পর্যায়:

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | বিভাগীয় (ফাইনাল খেলা) | ঢাকা মহানগরী জোন, ঢাকা জোন, ফরিদপুর জোন, ময়মনসিংহ জোন ও টাঙ্গাইল জোনসমূহের খেলার ফলাফলের ভিত্তিতে। | চেয়ারম্যান -- পদাধিকার বলে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | ঢাকা মহানগরী |

৪। **ঢাকা মহানগরী জোন:** ঢাকা মহানগরী জোনে অবস্থিত কলেজসমূহের ছাত্র-ছাত্রীদের বেলায় খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭-১৮ -এ অংশগ্রহণের জন্য আগামী ০৯.১১.২০১৭ তারিখের মধ্যে অবশ্যই শারীরিক শিক্ষা অফিসার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা –এর বরাবরে আবেদন পৌঁছাতে হবে। আবেদনে খেলার আইটেমসমূহ এবং অধ্যক্ষ/ক্রীড়া শিক্ষকের মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

৫। **জেলা পর্যায়:** জেলায় অবস্থিত কলেজসমূহের ছাত্র-ছাত্রীদের বেলায় খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের মাধ্যমে সংশ্লিষ্ট জেলার কলেজের অধ্যক্ষের/সভাপতির নিকট, আগামী ৩০.১০.২০১৭ তারিখের মধ্যে বাইলজ অনুযায়ী খেলার দফাওয়ারী আলাদা-আলাদা তালিকা জমা দিতে হবে।
বিশেষ দ্রষ্টব্য: জেলার সভাপতি খেলা সম্পন্ন করে অংশগ্রহণকারী কলেজের সংখ্যা (কলেজের নাম, ঠিকানা ও আইটেম/ইভেন্টসহ) ১০(দশ) দিনের মধ্যে অবশ্যই ঢাকা শিক্ষা বোর্ডে পৌঁছানোর ব্যবস্থা করবেন।

৬। এতদসঙ্গে প্রেরিত নীতিমালা (বাইলজ), ২০১৭-১৮ এর ক্রমিক ৭ ও ৮ এ উল্লেখিত প্রতিযোগিতায় কমপক্ষে একটি বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক। উল্লেখ্য, **জেলার সভাপতি তাঁর অধীনস্থ কলেজসমূহের ছাত্র-ছাত্রীদেরকে প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।**

২৬/১০/২০১৭

প্রফেসর মো. মাহাবুবুর রহমান
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

প্রফেসর ড. মো. আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

## ঢাকা বোর্ড আন্তঃ কলেজ (উচ্চ মাধ্যমিক) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতার নীতিমালা (বাইলজ), ২০১৭-২০১৮

০১। **ফুটবলঃ**

ফুটবল প্রতিযোগিতার প্রতিটি খেলা ৩০ মিঃ + ৫ মিঃ + ৩০ মিঃ = ৬৫ মিনিট অনুষ্ঠিত হবে। তবে, পরিস্থিতি বিবেচনায় রেফারী দু' দলের ম্যানেজারের সাথে আলোচনা সাপেক্ষে সময় হ্রাস করতে পারবেন। শেষ পর্যন্ত খেলা অমিমাংশিত থাকলে টাইব্রেকারের মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হবে। খেলা চলাকালীন সময়ে সর্বোচ্চ ৩ (তিন) জন খেলোয়াড় বদলী করা যাবে।

০২। **ক্রিকেটঃ (পুরুষ ও মহিলা)ঃ**

(ক) ক্রিকেট প্রতিযোগিতায় প্রতি ম্যাচে প্রত্যেক দল ২০ ওভার এবং ১ জন বোলার আন্তর্জাতিক নিয়ম অনুসারে ১/৫ ভাগ ওভার বল করার সুযোগ পাবে।

(খ) নির্দিষ্ট সময়ের ৩০ মিনিট পূর্বে খেলা পরিচালনা কমিটির নিকট 'খেলোয়াড় তালিকা' জমা দিতে হবে।

(গ) ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠানে যদি প্রাকৃতিক কারণবশতঃ যথা-ঝড়-বৃষ্টি, ঘন কুয়াশা ইত্যাদির জন্য মাঠের অবস্থা খেলার অনুপযোগী হয় তবে আম্পায়ার খেলার ওভার কমিয়ে খেলা সম্পন্ন করবেন।

(ঘ) খেলা যদি টাই অর্থাৎ উভয় দলের রান সমান হয় তবে উভয় দলের প্রথম ১০ ওভারের রানের গড় তুলনা করে ফল নির্ধারণ করা হবে। এতেও টাই হলে উইকেট পতনের মাধ্যমে পার্থক্যে ফলাফল নির্ধারণ করা হবে।

(ঙ) প্রাকৃতিক দুর্যোগের কারণে আদৌ খেলা শুরু করা সম্ভব না হলে TOSS OF COIN এর মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হবে।

(চ) পুরুষ ও মহিলা উভয় ক্ষেত্রে খেলোয়াড়দের রঙ্গিন পোষাকে মাঠে নামতে হবে এবং সাদা বলে খেলা অনুষ্ঠিত হবে।

০৩। **ভলিবল (পুরুষ ও মহিলা)ঃ**

ভলিবল প্রতিযোগিতায় প্রতি দলে ৬ (ছয়) জন রোটেশন পদ্ধতিতে ৩ (তিন) সেটে সকল খেলা অনুষ্ঠিত হবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হবে।

০৪। **হ্যান্ডবল (পুরুষ ও মহিলা)ঃ**

হ্যান্ডবল প্রতি ২০+৫+২০ মিঃ=৪৫ মিনিট অনুষ্ঠিত হবে। তবে, পরিস্থিতি বিবেচনায় রেফারী দু' দলের ম্যানেজারের সাথে আলোচনা সাপেক্ষে সময় হ্রাস করতে পারবেন। ড্র হলে অতিরিক্ত ৫+৫ মিনিট খেলা অনুষ্ঠিত হবে। পুনরায় ড্র হলে টাইব্রেকারের মাধ্যমে ফলাফল চূড়ান্ত হবে।

০৫। **ব্যাডমিন্টন (পুরুষ ও মহিলা)ঃ**

ব্যাডমিন্টন প্রতিযোগিতা একক ও দ্বৈত = ৩ (তিন) সেট খেলা অনুষ্ঠিত হবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হবে। উল্লেখ্য, প্রতিযোগীর সংখ্যা বেশী হলে রাউন্ডের খেলার পয়েন্ট কমিয়ে খেলা সমাপ্ত করা হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

(ক) ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা ''নক আউট" পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলসমূহ নিজেদের খেলার সরঞ্জাম যথা-বুট, হুজ, সিনগার্ড, জার্সি, প্যান্ট, কিপিং গ্লাভস্, ব্যাট, প্যাড, চেস্টগার্ড, রেকেট ইত্যাদি ব্যবহার করবে।

(খ) কোন খেলোয়াড়কেই নির্দিষ্ট খেলার ড্রেস, বুট, কেডস ইত্যাদি ছাড়া মাঠে নামতে দেওয়া হবে না।

(গ) ফুটবল, ভলিবল ও হ্যান্ডবল জার্সিতে অবশ্যই আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী বড় অক্ষরে নাম্বার থাকতে হবে।

০৬। **অ্যাথলেটিকস (পুরুষ ও মহিলা)ঃ**

অ্যাথলেটিক প্রতিযোগিতায় ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩ (তিন) বিষয়ে (ট্র্যাক এবং ফিল্ড) ও রিলেতে অংশগ্রহণ করতে পারবে। ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ, ব্যক্তিগত বিষয়ে অর্জিত মোট পয়েন্টের ভিত্তিতে নির্ধারণ করা হবে। যদি ব্যক্তিগত চ্যাম্পিয়নের ক্ষেত্রে একাধিক প্রতিযোগীর টাই হয় তবে রিলের পয়েন্ট যোগ করে ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ নির্ধারণ করা হবে। ব্যক্তিগত বিষয়ে ১ম স্থান ৫ পয়েন্ট, ২য় স্থান ৩ পয়েন্ট ও ৩য় স্থান ১ পয়েন্ট ধরা হবে। রিলেতে ১ম স্থান ১২ পয়েন্ট, ২য় স্থান ৭ পয়েন্ট ও ৩য় স্থান ৫ পয়েন্ট ধরা হবে।

উল্লেখ্য, জেলা/জোন পর্যায়ে সর্বাধিক পয়েন্ট অধিকারী কলেজকে আন্তঃ কলেজ জেলা/জোনাল চ্যাম্পিয়ন এবং ঢাকা বোর্ড বিভাগীয় পর্যায়ে সর্বাধিক পয়েন্ট প্রাপ্ত অধিকারী জোনকে বিভাগীয় চ্যাম্পিয়ন হিসেবে ঘোষণা করা হবে।

০৭। নিম্নলিখিত খেলায় উল্লেখিত সংখ্যক প্রতিযোগী ও কর্মকর্তা সমন্বয়ে দল গঠিত হবে।

| খেলা | খেলোয়াড়+কর্মকর্তা | খেলা | খেলোয়াড়+কর্মকর্তা |
|---|---|---|---|
| (ক) ফুটবল (পুরুষ) | ১৬ জন+ ২ জন | (খ) ফুটবল (মহিলা) | ১৬ জন+ ২ জন |
| (গ) ক্রিকেট (পুরুষ) | ১৬ জন+ ২ জন | (ঘ) ক্রিকেট (মহিলা) | ১৬ জন+ ২ জন |
| (ঙ) ভলিবল (পরুষ) | ১২ জন+ ২ জন | (চ) ভলিবল (মহিলা) | ১২ জন+ ২ জন |
| (ছ) হ্যান্ডবল (পুরুষ) | ১২ জন+ ২ জন | (জ) হ্যান্ডবল (মহিলা) | ১২ জন+ ২ জন |
| (ঝ) ব্যাডমিন্টন (পুরুষ) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১ জন | (ঞ) ব্যাডমিন্টন (মহিলা) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১ জন |
| (ট) অ্যাথলেটিকস (পুরুষ) | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন ও রিলেতে একটি দল | (ঠ) অ্যাথলেটিকস (মহিলা) | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন ও রিলেতে একটি দল |

০৮।     অ্যাথলেটিকস (ক্রীড়া) ইভেন্টসমূহঃ

**পুরুষঃ** ১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, ৮০০ মিটার, ১৫০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, ত্রিলম্ফ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০x৪ রিলে।

**মহিলাঃ** ১০০ মিটার, ২০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০x৪ রিলে। ক্রীড়া প্রতিযোগিতায় (পুরুষ ও মহিলা) ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩ টি ইভেন্টস ও রিলেতে অংশগ্রহণ করিতে পারবে।

০৯।     জেলা পর্যায়ের ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল, ব্যাডমিন্টন প্রতিযোগিতার চ্যাম্পিয়ন ও অ্যাথলেটিকস এর প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারী প্রতিযোগী এবং রিলের চ্যাম্পিয়ন দল জোনাল পর্যায়ে অংশগ্রহণ করবে। অনুরূপভাবে জোনাল পর্যায়ে চ্যাম্পিয়ন, অ্যাথলেটিকস এর প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারী প্রতিযোগী এবং রিলের চ্যাম্পিয়ন দল কেবলমাত্র ঢাকা শিক্ষা বোর্ডের বিভাগীয় খেলায় অংশগ্রহণ করতে পারবে।

১০। খেলাধুলায় অংশগ্রহণকারী উচ্চমাধ্যমিক শ্রেণির ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট জেলা, জোন ও বিভাগীয় ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি/বোর্ডের শারীরিক শিক্ষা অফিসার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নির্দিষ্ট তারিখে খেলা শুরু হওয়ার পূর্বে ইভেন্ট উল্লেখপূর্বক খেলোয়াড়দের তালিকা জমা দিতে হবে। প্রকৃত ছাত্র-ছাত্রীদের সনাক্তকরণের জন্য একাদশ শ্রেণিতে অধ্যয়নরত প্রতিযোগীদের ক্ষেত্রে একাদশ শ্রেণির রেজিস্ট্রেশনের জন্য ঢাকা শিক্ষা বোর্ডে প্রেরিত টট লিস্টের কপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) এস এস সি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি এবং পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) অবশ্যই সাথে আনতে হবে। দ্বাদশ শ্রেণিতে অধ্যয়ণরত প্রতিযোগীদের ক্ষেত্রে ESIF-এর প্রিন্টেড কপি(অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) এবং পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) অবশ্যই সাথে আনতে হবে।

১১। যারা কলেজের নিয়মিত ছাত্র-ছাত্রী, ২০১৬ এবং ২০১৭ সালে এস এস সি পাশ করে নিয়মিতভাবে অধ্যয়ণ করছে কেবলমাত্র তারাই সংশ্লিষ্ট খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তবে, খেলা শুরুর তারিখ ০১/১১/২০১৭ এ বয়স ২২ বছরের অধিক হবে না।

১২। সংশ্লিষ্ট জোনের খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী চ্যাম্পিয়ন ছাত্র-ছাত্রী ছাড়া অন্য কেহ নতুন ভাবে বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

১৩। প্রতিটি কলেজ দলকে নির্দিষ্ট দিনের খেলার নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে মাঠে উপস্থিত থাকতে হবে। কারণ, খেলোয়াড়দের ছবি ও তালিকাসহ প্রয়োজনীয় কাগজপত্র যাচাই করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে কোন দল মাঠে হাজির না হলে খেলা শুরু করার নির্ধারিত সময়ের পর ১০ মিনিট অপেক্ষা করে রেফারী/আম্পায়ার শেষ বাঁশি বাজিয়ে খেলার সমাপ্তি ঘোষণা করে কমিটির নিকট রিপোর্ট দাখিল করবেন।

১৪। কলেজ দলের জমাকৃত তথ্যাদির সত্যায়িত ফটোকপি খেলার ৩০ মিনিট পূর্বে সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির সভাপতি/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। অন্যথায়, সংশ্লিষ্ট প্রতিযোগীকে খেলায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

১৫। ঢাকা শিক্ষা বোর্ডের সর্বশেষ খেলার ফলাফলের ভিত্তিতে চ্যাম্পিয়ন 'বাই' পাবে। খেলা চলাকালীন সময়ে সংশ্লিষ্ট সকল খেলাধুলায় রেফারী/আম্পায়ারদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। যদি কোন কলেজ তার দলের পক্ষে কোন অবৈধ খেলোয়াড় মাঠে নামানো বা নামানোর চেষ্টা করেন এবং উহা প্রমাণিত হয়, তাহলে সংশ্লিষ্ট খেলোয়াড়/খেলোয়াড়দের প্রতিযোগিতা হতে বহিস্কারসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। সে ক্ষেত্রে ক্রীড়া পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। আন্তঃকলেজ (উ.মা.) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা, ২০১৭-২০১৮ বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য মনোনীত কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট জেলা, জোন ও বিভাগীয় খেলার দায়িত্ব পালন করবেন।

১৮। বিশেষ কারণে যদি কোন দল আপত্তি (প্রটেস্ট) করতে চায় সেক্ষেত্রে আপত্তিপত্র খেলা শেষ হওয়ার ৬০ মিনিটের মধ্যে ১০০০/-(এক হাজার) টাকা ফি ও উপযুক্ত প্রমাণাদিসহ সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির সভাপতি/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। কমিটির সিদ্ধান্ত যদি আবেদনকারীর পক্ষে বিবেচিত হয় তবে আবেদনকারীর জমাকৃত ফি ফেরৎ দেওয়া হবে। ফি ছাড়া কোন আপত্তি (প্রটেস্ট) গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৯। ঢাকা শিক্ষা বোর্ডের বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণকারী প্রতিযোগী ও কর্মকর্তাগণ বোর্ডের নির্ধারিত হারে বোর্ডের পক্ষে খেলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট হতে দৈনিক খাওয়া খরচ (ফুড চার্জ) ও যাতায়াত খরচের অনুদান গ্রহণসহ নিজ ব্যবস্থায় অবস্থান করবেন। তবে, জেলা ও জোন পর্যায়ে কোন প্রকার ভাতা দেওয়া হবে না। উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রতিটি খেলার জন্য দলের সাথে ০২(দুই) জন কর্মকর্তা (ম্যানেজার+শারীরিক শিক্ষক) অংশগ্রহণ করতে পারবেন।

২০। এই নীতিমালা (বাইলজ) দ্বারা সমাধান যোগ্য নয় এরূপ কোন সমস্যার উদ্ভব হলে সেই বিষয়ে সংশ্লিষ্ট ক্রীড়া পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

| | |
|---|---|
| প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান | প্রফেসর ড. মোঃ আশফাকুস সালেহীন |
| চেয়ারম্যান | কলেজ পরিদর্শক |
| মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড |
| ঢাকা। | ঢাকা। |